মুজিবনগরে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস পালিত

র্যালী আলোচনা সভা ও মহড়ার মধ্য দিয়ে মুজিবনগরের পালিত হয়েছে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস।

“দুর্যোগে আগাম সতর্কবার্তা, সবার জন্য কার্যব্যবস্থা’ এই প্রতিপাদ্যে কে সামনে রেখে বৃহস্পতিবার সকাল সাড়ে ১১ টার সময় মুজিবনগর উপজেলায় পালিত হয়েছে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস। দুর্যোগের ঝুঁকি কমাতে জনগণ ও সংশ্লিষ্টদের সচেতনতা বাড়াতেই সরকারের এই উদ্যোগ।

এ উপলক্ষ্যে উপজেলা প্রশাসনের আয়োজনে ও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের তত্ত্বাবধানে এ মুজিবনগর সরকারী মাধ্যমিক বিদ্যালয়ে ছাত্র ছত্রীদের নিয়ে আলোচনা সভার আয়োজন করা হয় এবং উপজেলা ফায়ার ব্রিগেড ও সিভিল ডিফেন্স এর ভূমিকম্প ও অগ্নিকাণ্ড বিষয়ক মহড়া প্রদর্শিত হয়।

আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস পালন অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস। উপজেলা নির্বাহী অনিমেস বিশ্বাসের এর সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন উপজেলা ফায়ার ব্রিগেড সিভিল ডিফেন্স কর্মকর্তা শাজাহান ও মোস্তাফিজুর মুজিবনগর মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক আলী হোসেন সহ স্কুলের ছাত্রছাত্রীবৃন্দ এসময় সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, সাংবাদিক, শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থী ও গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ায় আন্তর্জাতিক তথ্য

অধিকার দিবস উপলক্ষে ডিপিএফ’র আলোচনা

‘তথ্য প্রযুক্তির যুগে জনগনের তথ্য অধিকার নিশ্চিত হোক’ প্রতিপাদ্যে কুষ্টিয়ায় আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার দুপুরে কুষ্টিয়ার জেলা প্রশাসনের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন কুষ্টিয়ার জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলাম।

ডিস্ট্রিক্ট পলিসি ফোরাম (ডিপিএফ) কুষ্টিয়া এ অনুষ্ঠানের আয়োজন করে।

ডিপিএফ কুষ্টিয়ার সভাপতি মাহবুবা বেগমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন স্থানীয় সরকার শাখার উপ-পরিচালক মো: আরিফ-উজ-জামান, অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) শারমিন আখতার, জেলা তথ্য অফিসের সিনিয়র তথ্য অফিসার শিল্পী মন্ডল।

ডিস্ট্রিক্ট পলিসি ফোরাম কুষ্টিয়ার সম্পাদক আসাদুজ্জামানের সঞ্চালনায় অনুষ্ঠিত সংলাপে স্বাগত বক্তব্য রাখেন ডিপিএফ কুষ্টিয়ার সভাপতি মাহবুবা বেগম।

ধারনাপত্র উপস্থাপন করেন ডিস্ট্রিক্ট পলিসি ফোরাম (ডিপিএফ) কুষ্টিয়ার সহ-সভাপতি ও বাংলাভিশন টেলিভিশনের জেলা প্রতিনিধি হাসান আলী।

বক্তারা বলেন, তথ্য অধিকার আইন-২০০৯ নিঃসন্দেহে একটি উত্তম আইন। এটি বাংলাদেশের জন্য একটি যুগান্তকারী ঘটনা এবং জনগণের ক্ষমতায়নে মাইলফলক। এই আইনের মাধ্যমে জনগণের তথ্য পাবার অধিকার নিশ্চিত করতে হবে।

এসময় বক্তারা বলেন, তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিত করার লক্ষ্যে মানসিকতা পরিবর্তনের পাশাপাশি জবাবদিহিতার ব্যবস্থা করতে হবে। আর জবাবদিহিতা বাড়লে অপরাধ প্রবনতা বা দূর্নীতি কমতে শুরু করবে। কেননা, ব্রিটিশ আমল থেকে ক্ষমতা হারানোর ভয়ে তথ্য গোপন রাখার প্রবণতা রয়েছে। দেশের উন্নয়নের স্বার্থে মানুষকে চিন্তা-চেতনা ও

কথা বলার অধিকার দিতে হবে। তাই বাংলাদেশের সংবিধানের তথ্য অধিকার আইনের তথা বলা হয়েছে।

বক্তারা আরও বলেন, ক্ষমতায়নের জন্য জনগণের তথ্য অধিকার নিশ্চিত করা একান্ত আবশ্যক। এতে সরকারি, বেসরকারি, স্বায়ত্তশাসিত ও সংবিধিবদ্ধ সংস্থা এবং সরকারি ও বিদেশি অর্থায়নে পরিচালিত বেসরকারি সংস্থার স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পাবে, দুর্নীতি হ্রাস পাবে ও সুশাসন প্রতিষ্ঠিত হবে। যা বাংলাদেশকে অর্থনৈতিকভাবে উন্নত রাষ্ট্রে পরিণত করবে। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলাদেশ গড়ে উঠবে। তাঁর সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেওয়া অঙ্গীকার বাস্তবায়িত হবে।

এছাড়াও মুক্ত আলোচনায় জেলার সার্বিক বাল্যবিয়ে পরিস্থিতি এবং করণীয় বিষয় তুলে ধরে কথা বলেন সেমিনারে অংশগ্রহনকারীগণ।

ইবিতে আন্তর্জাতিক সেমিনার অনুষ্ঠিত

ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) “টেগর এন্ড হিস লিগ্যাসি ইন দ্যা আরব ওয়াল্ড” শীর্ষক আন্তর্জাতিক সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (১৪ সেপ্টেম্বর) সকাল সাড়ে ৯ ঘটিকা থেকে রবীন্দ্র-নজরুল কলা ভবনের গগন হরকরা মিলনায়তনে আরবী ভাষা ও সাহিত্য বিভাগের আয়োজনে এ সেমিনার অনুষ্ঠিত হয়।

আরবী ভাষা ও সাহিত্য বিভাগের সভাপতি প্রফেসর ড. মোঃ আব্দুল মোত্তালিব এর সভাপতিত্বে সেমিনারে প্রধান অতিথির বক্তব্য রাখেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. শেখ আবদুস সালাম। সেমিনারে শুভেচ্ছা বক্তব্য রাখেন আন্তর্জাতিক সেমিনার আয়োজক কমিটির আহবায়ক প্রফেসর ড. মোহাঃ তোজাম্মেল হোসন। সেমিনারে কি-নোট উপস্থাপক ছিলেন কলকাতা বিশ্ববিদ্যালয়ের আরবী এন্ড পারসিয়ান বিভাগের সাবেক সভাপতি প্রফেসর ড. এম ইসরাত আলী মোল্লা।

এছাড়া আরো বক্তব্য রাখেন শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. মোঃ মিজানুর রহমান, প্রফেসর ড. হাবিবুর রহমান (রহমান হাবিব), প্রফেসর ড. মাহফুজুর রহমান, প্রফেসর ড. মুহাম্মদ মাহবুবুর রহমান, প্রফেসর ড. মোস্তাক আলী, প্রফেসর ড. মোহাম্মদ অলী উল্যাহ, ঢাকা বিশ^বিদ্যালয়ের আরবী বিভাগের শিক্ষক প্রফেসর ড. মোহাম্মদ শহিদুল ইসলাম, প্রফেসর ড. মোঃ কামরুল হাসান, প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম প্রমুখ।সেমিনারে বক্তারা বিশ্বকবি রবীন্দ্র নাথ ঠাকুরের কর্ম ও দর্শনের উপর আলোকপাত করেন।

সেমিনারটি উপস্থাপনা করেন আরবী ভাষা ও সাহিত্য বিভাগের শিক্ষক প্রফেসর ড. এ.কে.এম শামসুল হক ছিদ্দিকী।

মেহেরপুর জেলা বিএনপির আন্তর্জাতিক গুম প্রতিরোধ দিবস পালন

জাতিসংঘ কর্তৃক প্রত্যেকটি গুম খুনের আন্তর্জাতিক তদন্তের দাবি এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে গুমের শিকার ব্যাক্তিদের স্মরণে আন্তর্জাতিক গুম প্রতিরোধ দিবস উপলক্ষে বিএনপি’র কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসেবে মেহেরপুর জেলা বিএনপি’র মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বিকেলে মেহেরপুর জেলা বিএনপির কার্যালয়ের সামনে এ সমাবেশ অনুষ্ঠিত হয়। মিছিল ও সমাবেশের সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন।

পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের সঞ্চালনায় সমাবেশে বক্তব্য রাখেন, জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, জেলা বিএনপি যুগ্ম সম্পাদক আরিজুললা বাবলু মাস্টার, মেহেরপুর সদর উপজেলা বিএনপির সভাপতি অ্যাড. মারুফ আহমেদ বিজন, সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম,যুগ্ম সাধারণ সম্পাদক রাকিবুল হাসান রিপন।

এছাড়াও জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু, ছাত্রদল নেতা আকিব জাভেদ সিনজিন, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম প্রমুখ বক্তব্য রাখেন।

এসময় মেহেরপুর জেলা, গাংনী ও মুজিবনগর উপজেলা এবং বিভিন্ন ইউনিয়ন বিএনপি ও এর অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

এর আগে আন্তর্জাতিক গুম প্রতিরোধ দিবস উপলক্ষে মেহেরপুর জেলা বিএনপি’র একটি বিক্ষোভ মিছিল বের হয়। মিছিলটি প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে সমাবেশের স্থানে শেষ হয়।

জাতীয় ভলিবল দলের সর্ব কনিষ্ট খেলোয়াড় মেহেরপুরের পারভেজ

বাংলাদেশ জাতীয় ভলিবল দলের সর্ব কনিষ্ট খেলোয়াড় গাংনীর পারভেজ আহমেদ। গতকাল (২১ আগষ্ট) এশিয়ান পুরুষ অনূর্ধ্ব-২০ ভলিবল চ্যাম্পিয়নশিপে অংশ নিতে বাহরাইনের মানামার উদ্দেশ্যে দেশ ছেড়েছে বাংলাদেশ জাতীয় ভলিবল দল। এই দলেই খেলবে গাংনীর কৃতি খেলোয়াড় পারভেজ আহম্মেদ।

আজ ২২ অক্টোবর উদ্বোধনী দিনে ইরাকের বিপক্ষে খেলবে এই দলটি। এছাড়া আগামী ২৪শে আগস্ট অস্ট্রেলিয়ার সঙ্গে খেলবে বাংলাদেশ।

অধিনায়ক তানভীর হোসেন বলেন, ‘আমাদের গ্রুপে থাকা শক্তিশালী ইরাক ও অস্ট্রেলিয়ার বিপক্ষে লড়াই করতে চাই। এই দুই দলের সঙ্গে একটি ম্যাচ জিততে পারলেই পরের পর্ব নিশ্চিত হবে। এই টুর্নামেন্টে ৬ গ্রুপে ১৮টি দল অংশ নিচ্ছে।

বাংলাদেশ জাতীয় ভলিবল দলের ইরানী কোচ আলীপোর আরোজির অধীনে অন্যান্য খেলোয়াড়ের সাথে এক মাস অনুশীলন করেছেন পারভেজ আহম্মেদ। উদীয়মান এই তারকা পারভেজ আহম্মেদকে নিয়ে এখন উচ্ছাসিত গাংনীর ক্রীড়াঙ্গণ।

গাংনী উপজেলা ভলিবল দলের অবৈতনিক কোচ জাতীয় ভলিবল ফেডারেশনের অন্যতম সদস্য আতর আলী এবং বাংলাদেশ আর্মি ভলিবল দলের সাবেক অধিনায়ক, বাংলাদেশ জাতীয় দলের সাবেক অধিনায়ক মো: আফজাল হোসেন বলেন এটা গাংনীবাসির জন্য একটি গর্বের বিষয়। তারা বলেন, পারভেজ আহমেদ গাংনী উপজেলা ভলিবল দলের একজন নিয়মিত খেলোয়াড়। জাতীয় ভলিবলে সুযোগ পেয়ে গাংনীকে আবারো আন্তর্জাতিক পর্যায়ে নিয়ে গেলো।

পারভেজ আহম্মেদ গাংনী উপজেলা শহরের সিনেমা হলপাড়া এলাকার সোহরাব হোসেনের ছেলে। ২০২২ সালে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষায় গাংনী প্রি-ক্যাডেট হাইস্কুল থেকে অংশ গ্রহণ করবে সে।

মুজিবনগরে আন্তর্জাতিক যুব দিবস পালিত

মুজিবনগরে র্যালী ও আলোচনা সভার মধ্যে দিয়ে আন্তর্জাতিক যুব দিবস পালিত হয়েছে। রবিবার বিকালে গুড নেইবারস বাংলাদেশ, মেহেরপুর সিডিপির আয়োজনে এ দিবসটি পালন করা হয়।

দিবসটি উপলক্ষে গুড নেইবারস বাংলাদেশ, মেহেরপুর সিডিপির বল্লভপুর প্রজেক্ট অফিস চত্তর থেকে সিডিপির ম্যানেজার মি.বিভব দেওয়ানের নেতৃত্বে একটি র্যালি বের করা হয়।

র্যালিটি প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে অফিস চত্তরে এসে শেষ এবং সেখানে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় গুড নেইবারস বাংলাদেশ, মেহেরপুর সিডিপির বল্লভপুর প্রজেক্ট অফিসের সিনিয়র এডমিন অফিসার লরেন্স ঢালীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন গুড নেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপির বল্লভপুর প্রজেক্ট অফিসের ম্যানেজার মি.বিভব দেওয়ান।

আলোচনা সভায় শামিম খানের সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন

সিডিপির সিনিয়র পোগ্রাম অফিসার এস.এম রিফাত আল-মাহমুদ, সিডিপির মেডিকেল অফিসার ডা.ইয়াসিন আল বাসার প্রমুখ। উক্ত অনুষ্ঠানে ৩০ জন যুব সদস্য উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ায় নির্মিত হচ্ছে আন্তর্জাতিক মানের স্টেডিয়াম

কুষ্টিয়ায় নির্মিত হচ্ছে খুলনা বিভাগের মধ্যে সবচেয়ে বড় ও আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত আন্তর্জাতিক মানের শেখ কামাল স্টেডিয়াম। ১৩ একর জায়গা নিয়ে প্রায় ৪৪ কোটি টাকা ব্যয়ে নির্মিত হচ্ছে এই স্টেডিয়ামটি।

এরই মধ্যে স্টেডিয়ামটির নির্মাণ কাজ শুরু হয়েছে। ২০২৩ সালে স্টেডিয়ামটি উদ্বোধন করার কথা রয়েছে।

সংশ্লিষ্টরা বলছেন, আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত এই স্টেডিয়ামটি নির্মাণ শেষ হলে দীর্ঘদিনের ঝিমিয়ে পড়া কুষ্টিয়া জেলার ক্রীড়াঙ্গণ আবারো প্রাণ ফিরে পাবে।

দেশের ক্রীড়াঙ্গণে কুষ্টিয়া জেলার অসামান্য অবদান রয়েছে। এই মাঠ থেকেই উঠে এসেছেন জাতীয় ক্রিকেট দলের সাবেক অধিনায়ক হাবিবুল বাশার সুমন, মোহাম্মদ মিথুন, এনামুল হক, বিজয়দের মতো তারকা সব খেলোয়াড়। ক্রিকেটের পাশাপাশি ফুটবলেও আকরাম, আশরাফুলের মতো তারকা খেলোয়াড়দের জন্ম এই কুষ্টিয়া জেলায়।

কিন্তু ভালো মানের স্টেডিয়ামসহ নানা সংকটের কারণে দীর্ঘদিন ধরে জেলার ক্রীড়াঙ্গণ যেনো অনেকটায় ঝিমিয়ে পড়েছে। তবে দেরিতে হলেও কুষ্টিয়ায় নির্মিত হচ্ছে শেখ কামাল স্টেডিয়াম। পুরনো স্টেডিয়াম ভেঙে প্রায় ৪৪ কোটি টাকা ব্যয়ে সেখানে নির্মিত হচ্ছে আধুনিক মানের আন্তর্জাতিক এই স্টেডিয়ামটি।

কুষ্টিয়া জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক অ্যাডভোকেট অনুপ কুমার নন্দী জানান, নতুন এই স্টেডিয়ামে ক্রিকেট এবং ফুটবল দুটি

খেলাই যাতে অনুষ্ঠিত হতে পারে সেভাবেই নকশা তৈরি করা হয়েছে। ক্রিকেট পিচের পাশেই থাকবে পুরোপুরি একটি ফুটবল মাঠ। জিমনেশিয়াম, সুইমিং পুল, খেলোয়াড়দের জন্য আবাসনের ব্যবস্থা, আধুনিক গ্যালারি, প্রেস বক্স, সম্প্রচার পিসিআর, প্রেসিডেন্স এরিয়াসহ আন্তর্জাতিক ভ্যেনুর সকল সুযোগ-সুবিধাই থাকবে এই স্টেডিয়ামে।

আন্তর্জাতিক মানের এই স্টেডিয়ামের নির্মাণ কাজ শুরু হওয়ায় খুশি জেলার ক্রীড়াঙ্গনের সাবেক ও বর্তমান খেলোয়াড়রাও। তারা দ্রুত এই স্টেডিয়ামটির নির্মাণ কাজ সম্পন্ন করার দাবি জানান।

বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের নির্বাচক কুষ্টিয়ার কৃতি সন্তান হাবিবুল বাশার সুমনের কণ্ঠেও উচ্ছ্বাসের সুর।

তিনি জানান, শেখ কামাল স্টেডিয়ামটি হবে আন্তর্জাতিক স্টেডিয়াম। আমরা এখানে বসেই আন্তর্জাতিকমানের খেলা দেখার সুযোগ পাবো। এটি কুষ্টিয়াবাসীর জন্য একটি বড় অর্জন বলে তিনি মনে করেন।

আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক ও কুষ্টিয়া-৩ আসনের সংসদ সদস্য মাহবুবউল আলম হানিফ এমপি জানিয়েছেন, বিভিন্ন গুণে গুণান্বিত শেখ কামাল। তার নামেই নামকরণ করা হয়েছে এই স্টেডিয়ামটি। এটি নির্মাণ সম্পন্ন হলে কুষ্টিয়ার ক্রীড়াঙ্গনে এক নবদিগন্তের সূচনা হবে।

পাসপোর্টের সূচকে পাঁচ ধাপ এগিয়েছে বাংলাদেশ

শক্তিশালী পাসপোর্টের সূচকে পাঁচ ধাপ এগিয়েছে বাংলাদেশ। বর্তমানে বাংলাদেশের অবস্থান ১০৩তম। যৌথভাবে একই অবস্থানে আছে লিবিয়া ও কসোভো। গত বছরের অক্টোবরে পাসপোর্টের সর্বশেষ সূচকে বাংলাদেশের অবস্থান ছিল ১০৮তম।

বাংলাদেশের পাসপোর্টধারীরা এখন থেকে আগাম ভিসা ছাড়া ৪০টি দেশে

ভ্রমণ করতে পারেন। যুদ্ধবিধ্বস্ত দেশ আফগানিস্তান রয়েছে তালিকায় সবার নিচে। দেশটির নাগরিকরা ২৬টি দেশে ভিসা ছাড়া চলাচল করতে পারবেন।

যুক্তরাজ্যভিত্তিক প্রতিষ্ঠান দ্য হেনলি অ্যান্ড পার্টনার্স পাসপোর্টের নতুন সূচক প্রকাশ করেছে। কোন দেশের পাসপোর্ট দিয়ে কতটি দেশে ভিসামুক্ত ভ্রমণ করা যায় তার ওপর ভিত্তি করেই সূচকটি তৈরি করা হয়েছে।

সূচকে তালিকার প্রথম সারিতে রয়েছে জাপান, সিঙ্গাপুর, জার্মানি, দক্ষিণ কোরিয়া, ফিনল্যান্ড, ইতালি, লুক্সেমবার্গ, স্পেন, অস্ট্রিয়া,ডেনমার্ক, ফ্রান্স, নেদারল্যান্ডস, সুইডেনের মতো দেশগুলো।

জাপান এবং সিঙ্গাপুর যৌথভাবে প্রথম স্থানে রয়েছে। দেশ দুটির নাগরিকরা আগাম ভিসা ছাড়াই ১৯২টি দেশে ভ্রমণ করতে পারবেন। এরপর যৌথভাবে দ্বিতীয় অবস্থানে রয়েছে জার্মানি ও দক্ষিণ কোরিয়া। এই দুই দেশের নাগরিকরা আগাম ভিসা ছাড়া ১৯০টি দেশে যেতে পারবেন।

তালিকায় ভারত ৮৩, নেপাল ১০৫, পাকিস্তান ১০৮, সিরিয়া ১০৯ এবং ইরাক ১১০তম। অর্থাৎ পাসপোর্ট সূচকে ভারতে চেয়ে পিছিয়ে আছে বাংলাদেশ। তবে নেপাল এবং পাকিস্তানের চেয়ে এগিয়ে আছে।

দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে সবচেয়ে শক্তিশালী পাসপোর্ট হচ্ছে মালদ্বীপের। সূচকের ৫৮তম অবস্থানে থাকা দেশটির পাসপোর্টধারীরা আগাম ভিসা ছাড়াই ৮৮টি দেশে ভ্রমণ করতে পারবেন। ১৭ বছর ধরে এই সূচক প্রকাশ করে আসছে দ্য হেনলি অ্যান্ড পার্টনারস। তিন মাস পর পর এ সূচক প্রকাশ করা হয়।

নতুন যুদ্ধবিরতি চুক্তি প্রথমবার লঙ্ঘন করল পাকিস্তান

ফেব্রুয়ারিতে করা যুদ্ধবিরতি চুক্তি প্রথমবার লঙ্ঘন করেছে

পাকিস্তান। জানা গেছে, গত সোমবার জম্মু ও কাশ্মীরের সাম্বা জেলায় আন্তর্জাতিক সীমান্তের ভারতীয় সীমান্ত চৌকিতে গুলি ও গোলাবর্ষণ করেছে পাকিস্তানি সেনারা।

ভারতের সরকারি কর্মকর্তারা বলছেন, গত সোমবার ভোর ৬টা নাগাদ সাম্বা জেলার রামগড় সেক্টরে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীকে (বিএসএফ) লক্ষ্য করে পাকিস্তানি সেনারা হামলা চালায়।

বিএসএফ-এর কর্মকর্তারা বলছেন, তারা কার্যকরভাবে পাল্টা জবাব দিয়েছেন এবং পাকিস্তানি আগ্রাসনের বিপক্ষে তা যথাযথ জবাব।

অথচ, চলতি বছরের ২৪ ফেব্রুয়ারি অপ্রত্যাশিতভাবেই ভারত ও পাকিস্তান উভয় পক্ষই ঘোষণা করেছিল যে, উভয় পক্ষের সেনাবাহিনী নিয়ন্ত্রণ রেখা এবং আন্তর্জাতিক সীমান্ত বরাবর যুদ্ধবিরতি চুক্তি কঠোরভাবে মেনে চলবে।

প্রকৃত নিয়ন্ত্রণ রেখায় (এলএসি) দীর্ঘ সময় ধরে ভারত-চীনের মধ্যে উত্তেজনা ছড়িয়ে পড়ার মধ্যেই গত ফেব্রুয়ারিতে যুদ্ধবিরতি চুক্তি নতুন করে মেনে চলার ঘোষণা আসে ভারত-পাকিস্তানের মধ্যে। কিন্তু শেষ পর্যন্ত সেই প্রতিশ্রুতি ভঙ্গ করল পাকিস্তান।
সূত্র : ডেকান হেরাল্ড

ইসরায়েলে সরকার গঠন করতে পারলেন না বেঞ্জামিন নেতানিয়াহু

ইসরায়েলে গতকাল মঙ্গলবার মধ্যরাতের মধ্যে বেঞ্জামিন নেতানিয়াহুকে সরকার গঠন করতে হতো। কিন্তু প্রয়োজনীয় সংখ্যাগরিষ্ঠতা না থাকায় প্রেসিডেন্টের অফিসকে নেতানিয়াহু জানিয়ে দিয়েছেন, তিনি সরকার গঠন করতে পারবেন না।

এবার সে দেশের প্রেসিডেন্ট অন্য দলকে সুযোগ দেবেন। তারা যদি পারে, তাহলে বিরোধী দলের আসনে বসবেন নেতানিয়াহু এবং তার দলের

নির্বাচিত সদস্যরা।

কে সরকার গঠন করতে পারে

রাজনৈতিক বিমেষজ্ঞরা বলছেন, প্রেসিডেন্ট রিভলিন এবার ইয়াইর ল্যাপিদকে সরকার গঠনের আমন্ত্রণ জানাতে পারেন। তিনি এখন জোট সরকার গঠন করার চেষ্টা করবেন। সাবেক টিভি অ্যাঙ্কর তিনি এবং নেতানিয়াহুর তীব্র বিরোধী।

নেতানিয়াহুর সাবেক জোটসঙ্গী বেনেট আছেন, তিনি ডানপন্থী দলের নেতা। প্রেসিডেন্ট তাকেও সরকার গঠনের জন্য ডাকতে পারেন।

প্রসঙ্গত, ইসরায়েলে গত দুই বছরে চারবার ভোট হয়েছে। সে দেশের নেতারা জোট গঠন করতে হিমশিম খাচ্ছেন। সর্বশেষ নির্বাচন হয়েছে এ বছরের মার্চে। কোনো দল যদি সরকার গঠন করতে না পারে, তাহলে দুই বছরে পাঁচবার ভোট হবে ইসরায়েলে।
সূত্র : ডয়চে ভেলে